নবজাতককে হামের টিকার বদলে দেওয়া হলো জলাতঙ্কের টিকা



সংগৃহীত ছবি

টাঙ্গাইলের ভূঞাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৩৫ দিন বয়সী এক নবজাতককে ভুল করে জলাতঙ্ক (র‍্যাবিস) প্রতিরোধী টিকা দেওয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনায় দায়িত্বে অবহেলার অভিযোগ করা হয়েছে অবসরপ্রাপ্ত স্বাস্থ্য পরিদর্শক আব্দুল কাইয়ুমের বিরুদ্ধে।

বুধবার (১৩ মে) দুপুরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়মিত টিকাদান কর্মসূচির সময় এ ঘটনা ঘটে। একই সময়ে হাম প্রতিরোধের টিকাও দেওয়া হচ্ছিল। ওই সময় পৌর এলাকার ছাব্বিশা গ্রামের ফারুকের শিশুকন্যা ফাতিহাকে নিয়মিত টিকা দেওয়ার কথা ছিল, কিন্তু অভিযোগ অনুযায়ী তাকে ভুলবশত র‍্যাবিস ভ্যাকসিন দেওয়া হয়।

ঘটনার পর শিশুটির পরিবার তীব্র উদ্বেগ প্রকাশ করে ঘটনার সঠিক তদন্ত ও দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছে।

পরিবারের দাবি, ভুলটি জানানো হলে শুরুতে দায়িত্বপ্রাপ্ত স্বাস্থ্যকর্মী বিষয়টিকে গুরুত্ব না দিয়ে পরে ভুল স্বীকার করেন। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার অনুরোধে অবসরের পরও তিনি টিকাদান কার্যক্রমে যুক্ত ছিলেন বলে জানা যায়।

টিকাদান কার্যক্রমের দায়িত্বে থাকা সহকারী স্বাস্থ্য পরিদর্শক নুরুল ইসলাম বিষয়টি নিয়ে কোনো মন্তব্য না করে এড়িয়ে যান বলে অভিযোগ পাওয়া গেছে। ঘটনার পর হাসপাতাল কর্তৃপক্ষ সাময়িকভাবে র‍্যাবিস টিকা প্রয়োগ কার্যক্রম বন্ধ রাখে।

উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. লুৎফর রহমান আজাদ ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।